

া যাকাত বিধানের সারসংক্ষেপ

বিভাগ/অধ্যায়ঃ যাকাতের প্রতি উৎসাহ প্রদান ও যাকাত না দেওয়ার পরিণতি রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

যাকাতের প্রতি উৎসাহ প্রদান ও যাকাত না দেওয়ার পরিণতি

১. আল্লাহ তা'আলা বলেন:

﴿ خُذا مِن ؟ أَم وَ لِهِم ؟ صَدَقَةٌ تُطَهِّرُهُم ؟ وَتُزَكِّيهِم بِهَا وَصَلِّ عَلَياهِم ؟ ؟ إِنَّ صَلَوْتَكَ سَكَن ؟ لَهُم ؟ ؟ وَٱللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ٢٠٠ ﴾ [التوبة: 103]

"তাদের সম্পদ থেকে সদকা নাও, এর মাধ্যমে তাদেরকে তুমি পবিত্র ও পরিশুদ্ধ করবে এবং তাদের জন্য দো'আ কর, নিশ্চয় তোমার দো'আ তাদের জন্য প্রশান্তিদায়ক"। [সূরা আত-তাওবাহ, আয়াত: ৩]

অপর আয়াতে তিনি বলেন:

﴿إِنَّ ٱلكَمُتَّقِينَ فِي جَنَّت وَعُيُونِ ١٥ ءَاخِذِينَ مَآ ءَاتَلهُم ۚ رَبُّهُم اللَّا إِنَّهُم ا كَانُواْ قَبِالَ ذَٰلِكَ مُحاسِنِينَ ١٦ كَانُواْ قَلِيلًا مِّنَ ٱلَّيالِ مَا يَه اَجَعُونَ ١٧ وَبِٱللَّاسَاحَارِ هُم اَ يَسلاَتَهُ اَفِرُونَ ١٨ وَفِيٓ أَملولِهِم اَ حَقَّ الِّلسَّآئِلِ وَٱللاَمَحارُوم ١٩﴾ [الذاريات: 15-19]

"নিশ্চয় মুন্তাকিরা থাকবে জান্নাতসমূহে ও ঝর্ণাধারায়, তাদের রব তাদের যা দিবেন তা তারা খুশীতে গ্রহণকারী হবে। ইতোপূর্বে এরাই ছিল সৎকর্মশীল। রাতের সামান্য অংশই এরা ঘুমিয়ে কাটাতো। আর রাতের শেষ প্রহরে এরা ক্ষমা চাওয়ায় রত থাকত। আর তাদের সম্পদে রয়েছে প্রার্থী ও বঞ্চিতের হক"। [সূরা আয-যারিয়াত, আয়াত: ১৫-১৯]

অপর আয়াতে তিনি বলেন:

[34:التوبة:34] ﴿ وَٱلَّذِينَ يَكَانِزُونَ ٱلذَّهَبَ وَٱلاَفِضَّةَ وَلَا يُنفِقُونَهَا فِي سَبِيلِ ٱللَّهِ فَبَشِّرا هُم بِعَذَابٍ أَلِيم ٣٤ ﴿ وَٱللَّذِينَ يَكَانِزُونَ ٱلذَّهَبَ وَٱلاَفِضَّةَ وَلَا يُنفِقُونَهَا فِي سَبِيلِ ٱللَّهِ فَبَشِّرا هُم بِعَذَابٍ أَلِيم ٣٤ ﴾ (التوبة:34) "যারা সোনা ও রূপা পুঞ্জীভূত করে রাখে এবং তা আল্লাহর রাস্তায় খরচ করে না, তুমি তাদেরকে বেদনাদায়ক আযাবের সুসংবাদ দাও"। [সূরা আত-তাওবাহ, আয়াত: ৩৪]

অপর আয়াতে তিনি বলেন:

﴿ وَلَا يَحاَسَبَنَّ ٱلَّذِينَ يَبا َخَلُونَ بِمَآ ءَاتَنهُمُ ٱللَّهُ مِن فَضالِهِ اللهِ هُوَ خَيازًا لَّهُما بَل هُوَ شَرَّا لَّهُما اللهُ عَلَى سَيُطُوَّقُونَ مَا بَخِلُواْ بِهِ اَ يَواكَمَ ٱلاَقِيِّمَةِ ١٨٠﴾ [آل عمران:180]

"আল্লাহ যাদেরকে তার অনুগ্রহ থেকে যা দান করেছেন তা নিয়ে যারা কৃপণতা করে তারা যেন ধারণা না করে যে, তা তাদের জন্য কল্যাণকর, বরং তা তাদের জন্য অকল্যাণকর, যা নিয়ে তারা কৃপণতা করেছিল, কিয়ামত দিবসে তা দিয়ে তাদের বেড়ি পরানো হবে"। [সূরা আলে ইমরান, আয়াত: ১৮]

২. ইবন আব্বাস রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, মু'আয ইবন জাবাল রাদিয়াল্লাহু 'আনহুকে ইয়ামান পাঠানোর



সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেন:

«إنك تأتي قوماً من أهل الكتاب، فادْعُهُم إلى شهادة أنْ لا إله إلا الله، وأني رسول الله، فإنْ هم أطاعوا لذلك، فأعْلِمْهُم أن الله فأعْلِمْهُم أن الله افترض عليهم خمس صلوات في كل يوم وليلة، فإنْ هم أطاعوا لذلك، فأعْلِمْهُم أن الله افترض عليهم صدقة تُؤخَذ مِن أغنيائهم فتُرد في فقرائهم، فإنْ هم أطاعُوا لذلك، فإيّاكَ وكرَائِمُ أموالهم (يعني لا تأخذ الزكاة مِن أفضل أموالهم وأحبّها إليهم كما سيأتي)، واتق دعوة المظلوم، فإنه ليس بينها وبين الله حجاب».

"তুমি কিতাবিদের এক কওমের নিকট যাচ্ছ, অতএব, তাদেরকে 'লা-ইলাহা ইল্লাল্লাহ ও আমি আল্লাহর রাসূল' সাক্ষীর দিকে আহ্বান কর, যদি তারা এতে আনুগত্য প্রকাশ করে, তাদেরকে জানিয়ে দাও যে, প্রত্যেক দিন ও রাতে আল্লাহ তাদের ওপর পাঁচ ওয়াক্ত সালাত ফরয করেছেন। যদি তারা এতে আনুগত্য প্রকাশ করে, তাদেরকে জানিয়ে দাও যে, আল্লাহ তাদের ওপর সদকা ফরয করেছেন, যা তাদের ধনীদের থেকে গ্রহণ করে তাদেরই গরীবদের মাঝে বল্টন করা হবে, যদি তারা এতে আনুগত্য প্রকাশ করে, তুমি তাদের দামী সম্পদ গ্রহণ করা পরিহার কর, (অর্থাৎ যে সম্পদ তাদের নিকট অতি উত্তম ও অধিক পছন্দনীয় যাকাত হিসেবে সেখান থেকে তুমি গ্রহণ করবে না, সামনে এ সম্পর্কে আলোচনা আসছে), আর মজলুমের দো'আ থেকে বাঁচ। কারণ, তার মাঝে ও আল্লাহর মাঝে কোনো পর্দা নেই"।[1]

>

ফুটনোট

[1] সহীহ বুখারী ও সহীহ মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10125

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন